গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bba.gov.bd

নম্বর ৫০.০১.০০০০.০০০.১০৩.১১.০০০২.২০-৩৪৯ তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ / ০২ জুলাই ২০২৬

## নিয়োগপত্র

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি এর সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬তম) বেতনক্রমে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে '**অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক**' পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| মেধাক্রম | রোল | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ম | ২১০০৪২২ | মিজ্ জান্নাতুন নাইম রত্না<br>পিতা: সাইফুল ইসলাম লাল<br>মাতা: সামছুন্নাহার | গ্রাম: ১ নং জুড়ান মোল্লার পাড়া, ডাকঘর: গোয়ালন্দ-৭৭১০, উপজেলা: গোয়ালন্দ, জেলা: রাজবাড়ী | গ্রাম: ১ নং জুড়ান মোল্লার পাড়া, ডাকঘর: গোয়ালন্দ-৭৭১০, উপজেলা: গোয়ালন্দ, জেলা: রাজবাড়ী |
| ২য় | ২১০০৫৮৬ | মিজ্ সুফিয়া আক্তার<br>পিতা: শুকুর আলী<br>মাতা: মালেকা বেগম | গ্রাম: নবগ্রাম, ডাকঘর: ব্রীকালিয়াকৈর-১৮০০, উপজেলা: সিংগাইর, জেলা: মানিকগঞ্জ | গ্রাম: নবগ্রাম, ডাকঘর: ব্রীকালিয়াকৈর-১৮০০, উপজেলা: সিংগাইর, জেলা: মানিকগঞ্জ |

২। শর্তাবলি:

(১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ ১৮/০৯/২০১৮ খ্রি. মোতাবেক চাকরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোনো মেডিক্যাল অফিসার কর্তৃক মাদকাসক্ত পরীক্ষা (ডোপ টেস্ট) এবং Fasting Blood Sugar, HBs Ag, Blood Grouping, Urin R/E, X-Ray Chest ও ECG টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(২) চাকরিতে যোগদানের তারিখ থেকে ২ (দুই) বৎসর পর্যন্ত সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত করতে হবে। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে এই মেয়াদ সর্বসাকুল্যে আরও ২(দুই) বৎসর বৃদ্ধি করতে পারবে;

(৩) শিক্ষানবিশকালে তার কর্ম দক্ষতা ও আচরণ সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাকে ১ (এক) মাসের নোটিশ অথবা নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের মূলবেতন প্রদান করে চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে। শিক্ষানবিশকালে চাকরি হতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ১ (এক) মাস পূর্বে নোটিশ অথবা ১ (এক) মাসের সমপরিমাণ বেতন কর্তৃপক্ষের অনুকূলে জমা দিতে হবে;

(৪) যোগদানের সময় (ক) বয়স নির্ধারণের সনদপত্র (খ) চরিত্রগত সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) এবং (গ) জাতীয়তার সনদপত্র (পৌর সভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত) জমা দিতে হবে;

(৫) যোগদানের সময় কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক দাখিল করতে হবে। পরবর্তীতে পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদনে কোনো বিরুপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য করা হবে;

(৬) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(৭) চাকরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

(৮) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দিষ্ট ছক মোতাবেক সরকারী কর্মচারীর সম্পদ বিবরণী চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(৯) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

(১০) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২০ এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য আইন ও বিধি-বিধান দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(১১) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না; এবং

(১২) উপরিউক্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে **'অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক'** পদে সুপারিশকৃত প্রার্থীকে **আগামী ১২/০৭/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ে** বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০২/০৭/২০২৬
(এ.এফ.এম. তাজুল ইসলাম)
উপপরিচালক (প্রশাসন)

নম্বর ৫০.০১.০০০০.০০০.১০৩.১১.০০০২.২০-৩৪৯

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ / ০২ জুলাই ২০২৬

অনুলিপি:

১। পরিচালক (প্রশাসন/পিঅ্যান্ডডি/অর্থ ও হিসাব/ওএন্ডএম)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা।
৩। নির্বাহী পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। জনাব ..............................................................................(নিয়োগপ্রাপ্ত প্রার্থী)

০২/০৭/২০২৬
(এ.এফ.এম. তাজুল ইসলাম)
উপপরিচালক (প্রশাসন)